



বন্ধন ও আদানপ্রদান

বাচ্চাদের বেড়ে উঠতে সাহায্য করা

বন্ধন (টান, সম্পর্ক) হল আপনার এবং আপনার শিশুর মধ্যে একটি অদ্বিতীয় আবেগময় সম্পর্ক। যদি একজন পিতা বা মাতা বা সেবাদাতা শিশুর সংকেত বা খেইগুলি ধরে জন্মের থেকে তাদের সাথে যোগাযোগ করেন, তাহলে শিশুরা একটি সুরক্ষিত টান তৈরি করে। আদানপ্রদান হল সম্পর্ক এবং বন্ধনের ভিত্তি এবং তা শিক্ষা, খেলা ও সামাজিক মেলামেশার জন্য অপরিহার্য।

ভাষা (শরীরী ভাষাসহ) যার মাধ্যমে আমরা একে অপরকে চিনতে পারি এবং বন্ধন করতে পারি এবং সম্পর্ক গড়তে পারি। কথা বলে এবং শুনতে, আমরা আমাদের শিশুকে বড় হতে এবং শিখতে সাহায্য করি আবার নিবিড় সম্পর্কও গড়ি।

আমার শিশুর আদানপ্রদানের জন্য আমি কী করতে পারি?

একটানা আপনার শিশুর আওয়াজ, অঙ্গভঙ্গি এবং মুখের ভাবভঙ্গিতে সাড়া দিয়ে, তার সাহায্যে তাদের দক্ষতা তৈরি করতে পারা উচিত যা তাদের প্রথম বছরের শেষে ভাষার ব্যবহার শুরু করার জন্য প্রয়োজন হবে। ইতিবাচক হন এবং প্রশংসা করুন, খুব বেশি 'আধো আধো কথা বলার' চেষ্টা করবেন না। গল্প, ছড়া পড়ে শোনান এবং একসাথে গান গান। আপনার শিশুর সাথে দৈনন্দিন জিনিসের বিষয়ে কথা বলুন। ছবি দেখুন এবং শব্দ পুনরাবৃত্তি করুন। মোবাইল ফোন এবং TV বন্ধ করে তাদের প্রতি একান্ত মনোযোগ দিন।

আপনার বাচ্চার অসুবিধা হচ্ছে মনে হলে প্রথমেই আপনার স্বাস্থ্যকর্মী বা নার্সারি নার্সের সাথে কথা বলুন, তারা হয়ত পেরেন্টিং প্রোগ্রামের সুপারিশ করবেন বা আপনাকে আরও সহায়তা পেতে সাহায্য করবেন আপনার দরকার হলে।

1.

আমার মনে হয় আমার হামা দেওয়া শিশু আমার সাথে আদানপ্রদান করতে চায় না, মনে হয় ও যোগাযোগ এড়াতে চায়।

2.

সে কী আগন্তুকদের সাথে জড়িত হতে চায় মনে হয়, একলা থাকতে চায় এবং জাপটে ধরতে দিতে চায় না?

3.

আপনার স্বাস্থ্যকর্মীর সাথে কথা বলুন, যিনি আপনাকে একটি বিশেষজ্ঞ পরিষেবার কাছে পাঠাতে পারেন।

বিলম্বিত আবেগময় স্নেহের লক্ষণগুলির প্রতি খেয়াল রাখুন, যেমন:

- তাদের ছোঁয়া বা তাদের জড়িয়ে ধরা তারা পছন্দ করে না।
- তারা আগন্তুকদের প্রতি নির্বিচারে অনুরক্ত।
- তারা সামাজিক মেলামেশা পছন্দ করে না।
- তারা একলা থাকতে চায়।
- প্রচন্ড রাগ দেখায় (উগ্র রোষ)।
- তারা ধ্বংসাত্মক বা আক্রমণাত্মক হতে পারে।

আপনার যদি মনে হয় একটি শিশুর টানের অসুবিধা আছে তাহলে তার একটি বিশেষজ্ঞ মূল্যায়ন করা দরকার। আপনার স্বাস্থ্যকর্মী, নার্সারি নার্স, জিপির সাথে কথা বলুন।

বিভিন্ন কারণের জন্য ভাষা এবং বাচন বিলম্বিত হতে পারে, যেমন:

- পিতামাতা বা সেবাদাতার কাছ থেকে আদানপ্রদানের অভাব।
- আবেগময় বন্ধনের অভাব।
- শেখার অক্ষমতা।
- শ্রবণশক্তি হারানো, সেই সব শিশুদের হয় যাদের চরম মধ্য কান সংক্রমণ আছে বা কিছু ওষুধপত্র, মর্মাঘাত, বা জিনসংক্রান্ত গোলযোগের কারণে হয়।
- অটিস্টিক স্পেকট্রাম ডিসঅর্ডার্স (ASD) একশ্রেণীর নিউরোলজিক্যাল গোলযোগ যা আদানপ্রদান দুর্বল করতে পারে তার সাথে সামাজিক মেলামেশা এবং জ্ঞানাত্মক দক্ষতাও ক্ষতিগ্রস্ত করতে পারে।

আপনার শিশুর সাথে কথা বললে এবং কম বয়স থেকে শব্দ এবং কথা বলতে উৎসাহ দিলে কাজ দেয়।